

অসতর্কতায় কুবি'র লাইব্রেরিতে আটকা পড়ে তিন শিক্ষার্থী

■ কুমিল্লা বিশ্ববিদ্যালয় সংবাদদাতা
বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম পাঁচটা পর্যন্ত চলার কথা। কিন্তু পাঁচটার আগেই কেন্দ্রীয় লাইব্রেরি বন্ধ করে কর্মচারীরা ক্যাম্পাস ছেড়ে বাসে উঠে পড়েন। কিন্তু লাইব্রেরির ভিতর তখন আটকা পড়েন বিশ্ববিদ্যালয়ের তিনজন শিক্ষার্থী। পরে কয়েকজনকে ফোন করে লাইব্রেরির কর্মচারীদের ডেকে এনে তালা খুললে আটকা অবস্থা থেকে মুক্তি পান ওই শিক্ষার্থীরা। গত রবিবার এমন নাটকীয় ঘটনা ঘটে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) কেন্দ্রীয় লাইব্রেরিতে।

আটকাপড়া শিক্ষার্থী ও প্রত্যক্ষদর্শীসূত্রে জানা যায়, ওই দিন বিকাল পাঁচটায় যথারীতি শেষ হয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম। তবে, স্নাতক চারটার দিকে প্রশাসনিক ভবনের পাঁচতলায় অবস্থিত কেন্দ্রীয় লাইব্রেরি বন্ধ করার জন্য সংশ্লিষ্ট কর্মচারীরা তোড়জোড় শুরু করেন। লাইব্রেরির শেষ মাথায় স্টুডেন্টস ইউনিয়নের তিনজন অর্থনীতি বিভাগের তিনজন শিক্ষার্থী। লাইব্রেরি বন্ধ করার জন্য ফ্যান-লাইট বন্ধ করেন কর্মচারীরা। শেষ টেবিলে ডকুমেন্টাশী শিক্ষার্থীদের যোগাল করেননি কর্মচারীরা। পরে কয়েকজনকে ফোন করে নিজেদের অবস্থানের কথা জানালেন আটকাপড়া শিক্ষার্থীরা। পরে লাইব্রেরির কর্মচারীরা এসে তালা খুলে তাদের বের করেন। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ডেপুটি লাইব্রেরিয়ান মহিউদ্দিন তারিক ভূঞা বলেন, 'এটি কর্মচারীদের অনিচ্ছাকৃত ভুল। এর জন্য তাদেরকে সতর্ক করা হয়েছে।